দৈনিক ইত্তেফাক

তারিখ .. 07 NOV 1992... ...
পৃষ্ঠা ... ১ ...কলাম ..৫ ...

132

## ক্যাম্পাসে সংঘর্ষ

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (শুক্রবার) রাতে টি,এস,সি এলাকায় দুই গ্রুপের মধ্যে সংঘর্ষে ৮/১০ জন ছাত্র আহত হয়। ছাত্র

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে সংঘর্ষ

(১ম পৃঃ পর)

নেতা কিরিটি রঞ্জন বিশ্বাস ও নয়ন নামে গুরুতর আহত দুইজনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। জানা গিয়াছে রাত আনুমানিক ৯টায় টি, এস, সি সম্মুখস্থ রাস্তা দিয়া ছাত্র শিবিরের একটি মিছিল অতিক্রম করার সময় সংঘর্ষের সূত্রপাত হয়। গণতান্ত্রিক ছাত্র ঐক্য, মুক্তিযোদ্ধা ছাত্র কমাণ্ডসহ বিভিন্ন ছাত্র সংগঠনের কর্মীরা ছাত্র শিবিরের মিছিলের প্রতি ধর ধর শব্দ করিলে মিছিলকারীরা উত্তেজিত হইয়া উঠে। তাহারা ছাত্র ঐক্য ও ছাত্র কমাণ্ডের কর্মীদের প্রতি ইটপাটকেল নিক্ষেপ করিতে থাকে। মিছিলকারীদের অনেকে হকিষ্টিক নিয়া প্রতিপক্ষকে ধাওয়া করে। প্রায় ১০ মিনিট উভয় পক্ষের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনায় ছাত্র ইউনিয়ন নেতা কিরিটি ও ছাত্র কমাণ্ডের কর্মী নয়নসহ ৮/১০ জন আহত হয়।